

**আমরা মদীনায় প্রত্যাবর্তণ করলে**  
**সেখান হতে প্রবল দুর্বলকে বহিষ্কৃত করবেই।**

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ  
বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: "আমরা মদীনায়  
প্রত্যাবর্তণ করলে সেখান হতে প্রবল দুর্বলকে বহিষ্কৃত করবেই।"

পবিত্র কোরাআনে ইরশাদ হচ্ছে:

সুরা মুনাফিকুন ৬৭, আয়াত নং ৮

يَقُولُونَ لَئِن رَّجَعْنَا إِلَى الْمَدِينَةِ لَيُخْرِجَنَّ الْأَعَزُّ مِنْهَا الْأَذَلَّ وَلِلَّهِ الْعِزَّةُ  
وَلِرَسُولِهِ وَلِلْمُؤْمِنِينَ وَلَكِنَّ الْمُنَافِقِينَ لَا يَعْلَمُونَ (8)

অর্থ: তারা বলে আমরা মদীনায় প্রত্যাবর্তন করলে সেখান হতে  
প্রবল দুর্বলকে বহিষ্কৃত করবেই। কিন্তু সম্মান তো আল্লাহরই  
আর তাঁর রাসুল ও মু'মিনদের কিন্তু মুনাফিকরা এটা জানে না।  
এখানে প্রবল দ্বারা 'মুনাফিক' ও দুর্বল দ্বারা 'মু'মিনকে' বুঝানো  
হয়েছে।

একটি হাদীস: আহমদ ৩/৩৯২, বুখারী ৪৯০৭, মুসলিম ২৫৮৪

পরিচ্ছেদঃ ৬৫/৬৩/৮. আল্লাহর বাণীঃ তারা বলে: আমরা যদি মদীনায় ফিরে যাই, তবে প্রতিপত্তিশালীরা সেখান থেকে হীন লোকদের অবশ্যই বের করে দিবে। তাদের জেনে রাখা উচিত যে, ইজ্জত ও প্রতিপত্তি তো একমাত্র আল্লাহরই এবং তাঁর রাসূলের ও মু'মিনদের। কিন্তু মুনাফিকরা তা জানে না। (সূরাহ মুনাফিকুন ৬৩/৮)

৪৯০৭. জাবির ইবনু 'আবদুল্লাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা এক যুদ্ধে রাসুলুল্লাহ(সাঃ)এর সাথে ছিলাম। একজন মুহাজির একজন আনসারকে লাথি মারল। এটাকে কেন্দ্র করে কথা বেড়েই চলে এবং উভয়েই নিজ নিজ দলের নিকট ফরিয়াদ জানান এবং তাদেরকে আহ্বান জানান। এতে রাসুলুল্লাহ(সাঃ) অত্যন্ত অসন্তুষ্ট হন এবং বলেনঃ একি অজ্ঞতার যুগের কাজকারবার শুরু করলে তোমরা? এই বেদুঈন বদ অভ্যাস পরিত্যাগ কর। (মুনাফিক সর্দার )আব্দুল্লাহ ইবনে উবাই ইবনে সালুল বলতে লাগল মুহাজিরগণ এরূপ করল? আল্লাহর শপথ! মদীনায় পৌঁছেই আমরা সম্মানিরা এই হীনদেরকে মদীনা হতে বের করে দিবা। ঐ সময় আনসারদের সংখ্যা মুহাজিরদের অপেক্ষা বহুগুণ বেশী ছিল। তবে পরবর্তীতে মুহাজিরদের সংখ্যা অনেক হয়ে যায়। উমর(রাঃ) যখন আব্দুল্লাহ ইবনে উবাই এর কথা শুনতে পেলেন তখন তিনি রাসুলুল্লাহ(সাঃ) এর নিকট হত্যা করার অনুমতি চাইলেন। কিন্তু রাসুল(সাঃ) উমর(রাঃ) কে এ কাজ হতে বিরত রাখলেন এবং বললেন, এরূপ করলে লোকেরা বলবে যে, মুহম্মদ তাঁর সঙ্গীদেরকে হত্যা করে।

তাবারী ২৩/৪০৩,৪০৫

ইকরিমাহ্(রহঃ) ও ইবনে যায়িদ(রহঃ) বর্ণনা করেছেন, সেনাবাহিনী সহ রাসুলুল্লাহ(সাঃ) যখন মদীনায় পৌঁছেন তখন এ মুনাফিক আব্দুল্লাহ ইবনে উবাই ইবনে সালুলের পুত্র আব্দুল্লাহ(রাঃ) মদীনার প্রবেশ পথে তরবারী হাতে তুলে দাঁড়িয়ে যান। জনগণ মদীনায় প্রবেশ করতে থাকে। শেষ পর্যন্ত তার পিতা এসে পড়ে। তিনি নিজ পিতাকে সম্বোধন করে বলেনঃ দাঁড়িয়ে যাও, মদীনায় প্রবেশ করো না। তার পিতা বলেনঃ ব্যপার কি? আমাকে বাধা দিচ্ছ কেন? আব্দুল্লাহ(রাঃ) উত্তরে বললেনঃ তুমি মদীনায় প্রবেশ করতে পারবে না যে পর্যন্ত না রাসুল(সাঃ) অনুমতি দেন। সম্মানিত তিনিই এবং তুমিই লাঞ্চিত। অতঃপর রাসুলুল্লাহ(সাঃ) এলেন। তাঁর অভ্যাস ছিল এই যে, তিনি সেনাবাহিনীর সর্বশেষ অংশে থাকতেন। রাসুলুল্লাহ(সাঃ) দেখেন ঐ মুনাফিক তার কাছে নিজ পুত্রের বিরুদ্ধে অভিযোগ করল। আব্দুল্লাহ(রাঃ) বললেনঃ আল্লাহর শপথঃ আপনি অনুমতি না দেয়া পর্যন্ত আমার পিতাকে আমি মদীনায় প্রবেশ করতে দিব না। অতঃপর নবী (সাঃ) এর অনুমতিক্রমে আব্দুল্লাহ(রাঃ) তার পিতাকে মদীনায় প্রবেশ করতে দিলেন।

প্রিয় ভাই ও বোনেরা, উপরোক্ত কোরআনের আয়াত, হাদীস ও সংশ্লিষ্ট ঘটনা থেকে শিক্ষণীয়

- ১) প্রকৃত সম্মান হলো আল্লাহর, রাসুলের এবং মু'মিনদের
- ২) আল্লাহ ও রাসুলের নির্দেশঃ পিতা মাতাকে কষ্ট দেয়া যাবে না তবে তারা আল্লাহ ও রাসুল বিরোধী হলে তা মানা যাবে না।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, আমাদের চেষ্টা করা উচিত যাতে করে আমরা প্রকৃত মু'মিন হতে পারি। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ।

.....

clickhere<http://www.morningbrightness.fi/>  
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>